অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাস্টডিতে দেওয়া হয়নি এমন যৌন অপরাধের প্রমাণ সংগ্রহ কিট রাখার জন্য স্টেট ফ্যাসিলিটি খোলার ঘোষণা করলেন

নিরাপদে রাখার ব্যবস্থা যৌন হয়রানির শিকার ব্যক্তিদের চিকিৎসা সেবা, প্রমাণ সংগ্রহের সম্মতি এবং তারা পুলিশের কাছে অভিযোগ করতে চায় কিনা সেই সিদ্ধান্ত গ্রহণের সময় দিবে

অভিযোগ করা হয়নি এমন কিটগুলিকে সংগ্রহের তারিখ থেকে 20 বছর পর্যন্ত রাখা আবশ্যিক করে স্টেটের যে আইন তা মানার জন্য স্টেটের ভিকটিম পরিষেবা অফিস এই ফ্যাসিলিটিটি স্থাপন করেছে

গভর্নর হোকল আজকে 24 এপ্রিল রাতে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে নীল, সবুজ ও বেগুনি আলোয় আলোকিত করার নির্দেশ দিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে এখনো আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাস্টডিতে দেওয়া হয়নি এমন যৌন অপরাধের প্রমাণ সংগ্রহ কিট (sexual offense evidence collection kits, SOECK) রাখার জন্য স্টেট ফ্যাসিলিটি খোলা হবে। নিরাপদে রাখার ব্যবস্থা যৌন হয়রানির শিকার ব্যক্তিদের চিকিৎসা সেবা, প্রমাণ সংগ্রহের সম্মতি এবং তারা পুলিশের কাছে অভিযোগ করতে চায় কিনা সেই সিদ্ধান্ত গ্রহণের সময় দিবে। অভিযোগ করা হয়নি এমন কিটগুলিকে সংগ্রহের তারিখ থেকে 20 বছর পর্যন্ত রাখা আবশ্যিক করে স্টেটের যে আইন তা মানার জন্য স্টেটের ভিকটিম পরিষেবা অফিস (State Office of Victim Services, OVS) এই ফ্যাসিলিটিটি স্থাপন করেছে ক্যাপিটাল রিজিয়ন, মোহক ভ্যালি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের হাসপাতালগুলি প্রথমে ভুক্তভোগী ব্যক্তিদের জানাবে যে তাদের কিটগুলি স্থানান্তর করা হবে এবং কীভাবে তা ট্র্যাক করা যাবে। স্টেটের অবশিষ্ট অঞ্চলগুলির হাসপাতালগুলি আগামী মাসগুলিতে এই প্রক্রিয়া অনুসরণ করবে।

"নিউ ইয়র্ক স্টেট সম্ভাব্য সকল উপায়ে যৌন অপরাধের শিকার ব্যক্তিদের সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই স্টেট ফ্যাসিলিটি সমর্থন ও ন্যায়বিচার প্রদানের একটি অতি গুরুত্বপূর্ণ হাতিয়ার হবে এবং একইসাথে এটি ভিকটিমদের নিরাময়ের একটি মজবুত ভিত্তি প্রদান করবে এবং আইনি সময়সীমার ব্যাপারে তারা যেই চাপের সম্মুখীন হয় তার কিছুটা হ্রাস করবে।"

"এই ফ্যাসিলিটিটি ভুক্তভোগী ব্যক্তিদেরকে কী ঘটেছে তা অনুধাবন করার এবং নিজেদের মতানুযায়ী নিজেদের ভবিষ্যতের সিদ্ধান্ত গ্রহণ করার সুযোগ প্রদান করবে," বলেন **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "আমরা ভুক্তভোগী ব্যক্তিদের সমর্থন করতে এবং তাদের কাছে যাতে নিরাময় শুরুর করার সময় সংস্থান, সমর্থন, এবং সেবা ও বিকল্পের পূর্ণ ব্যাপ্তি উপলভ্য থাকে তা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এটি নিউ ইয়র্ক এবং ভুক্তভোগী ব্যক্তিদের অধিকারের জন্য দুর্দান্ত একটি অগ্রগামী ধাপ।"

নিউ ইয়র্ক স্টেটের ভিকটিম পরিষেবা অফিসের পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন, "যৌন অপরাধের পর সময়মতো চিকিৎসা সেবা পাওয়ার সুযোগ থাকা অতি গুরুত্বপূর্ণ। এটি ব্যক্তিদের চিকিৎসা ও ওষুধ এবং তারা ঘটনাটির ব্যাপারে পুলিশে অভিযোগ করতে চায় কিনা সেই সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে এমন অন্যান্য সেবা যায় সমর্থন পাওয়ার সুযোগ দেয়। তারা যদি অপরাধ ন্যায়বিচার ব্যবস্থাকে জড়িত করতে প্রস্তুত না হয়, তাহলে ফরেনসিক ও অন্যান্য প্রমাণ সংরক্ষণ করাও তাদের বিকল্প বৃদ্ধি করে, এবং কিট নিরাপদে রাখা হলে তা তাদের নিজেদের জন্য সেরা পরবর্তী ধাপের ব্যাপারে সিদ্ধান্ত নিতে সময় ও স্থান প্রদান করে।"

আজকে সকালে পরিচালক ক্রোনিন স্টেট এজেন্সির সহকর্মী, চিকিৎসা পেশাদার, ভিকটিমদের অ্যাডভোকেট, আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং অন্যান্য পেশাদারদের সাথে অ্যালবানি মেডিকেল সেন্টারে (Albany Medical Center) যোগ দিয়ে ফ্যাসিলিটির কার্যক্রম সম্পর্কে এবং কিট স্থানান্তর করার পূর্বে হাসপাতালগুলিকে যে তাদরে সাথে যোগাযোগ করার জন্য সমবেত প্রচেষ্টা করতে হবে সে ব্যাপারে ভুক্তভোগী ব্যক্তিদের শিক্ষাদান সম্পর্কে আলোচনা করেন। এই নোটিফিকেশনগুলি ব্যক্তিরা ফ্যাসিলিটিতে তাদের কিট স্থানান্তর করতে চায় কিনা, আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে ঘটনাটি সম্পর্কে জানাতে বা কিট ধ্বংস করার ব্যাপারে সম্মতি জানাতে চায় কিনা সে ব্যাপারে তাদের সিদ্ধান্ত গ্রহণ করতে দিবে। পুরো স্টেটের হাসপাতালগুলিতে আনুমানিক 10,000 কিট জমা আছে।

ক্যাপিটাল রিজিয়নে অবস্থিত ফ্যাসিলিটিটি নিরাপদ, জলবায়ু নিয়ন্ত্রিত এবং সম্ভাব্য প্রমাণ অক্ষত রাখা নিশ্চিত করার জন্য এর নকশা করা হয়েছে। এটি 2023 সালের জানুয়ারি মাসের মাঝামাঝি কিট গ্রহণ শুরু করেছে, এবং এখন পর্যন্ত অ্যালবানি মেড হেলথ সিস্টেমের (Albany Med Health System) অংশ অ্যালবানি মেডিকেল সেন্টার এবং গ্লেনস ফলস হাসপাতাল (Glens Falls Hospital) ফ্যাসিলিটিতে 525টি আইটেম স্থানান্তর করেছে: 277টি যৌন অপরাধ প্রমাণ সংগ্রহ কিট, 83টি মাদক-সৃষ্ট যৌন অপরাধ কিট (drug-facilitated sexual assault kits) এবং 165টি অন্যান্য আইটেম যেমন কাপড় ও বিছানার চাদর। ফ্যাসিলিটির বর্তমানে 17,400টি আইটেম রাখার ধারণক্ষমতা রয়েছে এবং দ্বিতীয় একটি সংরক্ষণ উইংয়ের সংস্কার কাজ শেষ হলে তা 26,600টি আইটেমে বৃদ্ধি পাবে।

ফ্যাসিলিটিতে কিট প্রেরণ করার পূর্বে, হাসপাতালের কর্মীদেরকে অবশ্যই কিট ও অন্যান্য আইটেম লগ ও ট্র্যাক করার জন্য, এবং ব্যবস্থার ভিকটিম নোটিফিকেশন অংশটি সম্পর্কে ইলেক্ট্রনিক ব্যবস্থায় প্রশিক্ষিত হতে হবে। ভিকটিম পরিষেবা অফিসের কর্মীরা বর্তমানে ক্যাপিটাল রিজিয়ন, মোহক ভ্যালি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের হাসপাতালগুলির কর্মীদেরকে

শিক্ষাদান করছে যাতে করে তারা ফ্যাসিলিটিতে কিট ও অন্যান্য আইটেম স্থানান্তর করতে পারে এবং ভুক্তভোগী ব্যক্তিদের জানাতে পারে। সেন্ট্রাল নিউ ইয়র্ক, লং আইল্যান্ড এবং নর্থ কান্ট্রির হাসপাতাল কর্মীরা মে মাসে এই প্রশিক্ষণ পাবে বলে নির্ধারিত আছে। ভিকটিম পরিষেবা অফিস নিউ ইয়র্ক সিটির হাসপাতাল কর্মীদেরকে আগস্ট মাসে প্রশিক্ষণ প্রদান করবে, এবং তারা ফিঙ্গার লেকস, মিড-হাডসন এবং সাউদার্ন টিয়ারের হাসপাতাল কর্মীদেরকে নভেম্বর মাসে প্রশিক্ষণ প্রদান করবে।

এছাড়া গভর্নর হোকল আজকে 24 এপ্রিল রাতে জাতীয় অপরাধের শিকার ব্যক্তিদের অধিকার সপ্তাহের (National Crime Victims' Rights Week) স্বীকৃতিতে এবং অপরাধের শিকার ও ভুক্তভোগী ব্যক্তিদের ও তাদের সমর্থনকারী পেশাদারদের সমর্থনে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে নীল, সবুজ ও যেগুলি আলোয় আলোকিত করার নির্দেশ দিয়েছেন:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট এবং এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR – পেন স্টেশনের ইস্ট এন্ড গেটওয়ে
- ইরি ক্যানেলের উপর অবস্থিত ফেয়ারপোর্ট লিফ্ট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহান ট্রেন হল

নিউ ইয়র্ক স্টেটের অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগের (New York State Division of Criminal Justice Services , DCJS) কমিশনার রোজানা রোসাডো বলেন, "নিউ ইয়র্ক স্টেট ভিকটিম পরিষেবা এবং জননিরাপত্তার ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে যাচ্ছে। ব্যক্তিদের প্রয়োজনীয় উচ্চমানের, সহানুভূতিশীল যত্ন প্রদানের জন্য চিকিৎসা পেশাদারদেরকে সংস্থান ও প্রশিক্ষণ প্রদান করা নিশ্চিত করতে আমার দলের কাজ নিয়ে আমি গর্বিত। গুরুত্বপূর্ণ এই প্রকল্পগুলি ভুক্তভোগীদেরকে নিজেদের জন্য সঠিক সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা প্রদান করে এবং তারা অপরাধ ন্যায়বিচার ব্যবস্থাকে জড়িত করবে কিনা তা নির্বিশেষে তাদের অবগত থাকতে দেয়।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health, DOH) ভারপ্রাপ্ত কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "জীবনের সকল ক্ষেত্রকে প্রভাবিত করতে পারে ট্রমাপূর্ণ এমন ঘটনা থেকে সেরে উঠতে ভুক্তভোগীদের প্রয়োজনীয় সময়, সহানুভূতি এবং মানসিক সমর্থন পাওয়া অতি গুরুত্বপূর্ণ। এই ব্যাপারে তার অব্যাহত নেতৃত্বের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, এবং ভুক্তভোগীদের নিরাপদ বোধ করানো ও

তাদের কথা শোনার জন্য ভিকটিম পরিষেবা অফিস যে কাজ করছে তার জন্য তাদের প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিসের (New York State Office of Children and Family Services, OCVS) ভারপ্রাপ্ত কমিশনার সুজান মাইলস-গুস্তাভ বলেন, "এই ফ্যাসিলিটির গুরুত্ব বলে শেষ করা যাবে না। যৌন অপরাধের শিকার ব্যক্তিদের তাৎক্ষণিক চিকিৎসা সেবা পাওয়ার অধিকার আছে এবং এমন ট্রমাপূর্ণ একটি অভিজ্ঞতা তারা কীভাবে কাটিয়ে উঠবে সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনীয় সময় ও স্থানও তাদেরকে অবশ্যই প্রদান করতে হবে। 28টি সম্প্রদায়ের পারিবারিক সহিংসতা এজেন্সি, যা ধর্ষণ সঙ্কট কর্মসূচি হিসেবে দ্বৈত প্রত্যয়ন পেয়েছে তাদের তত্ত্বাবধান করার মাধ্যমে শিশু ও পরিবার পরিষেবা অফিস ভুক্তভোগীদের পাশে থাকছে, এবং যখন প্রয়োজন সর্বাধিক হয় তখন তারা সহায়তা প্রদান করে এবং তা নিয়ে আমরা গর্বিত। আমরা কখনোই ভুক্তভোগীদের শারীরিক ও মানসিক সুস্থতা সমর্থন করা বন্ধ করবো না তা তাদেরকে জানাতে সাহসী, বাস্তব ব্যবস্থা গ্রহণের জন্য আমরা OVS কে অনেক ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিসের (New York State Office for the Prevention of Domestic Violence, OPDV) নির্বাহী পরিচালক কেলি ওয়েন্স বলেন, "বহু ভুক্তভোগী আক্রমণের পর কয়েক বছর পার হয়ে যাওয়ার আগে নিজেদের সাথে হওয়া যৌন অপরাধের ব্যাপারে প্রকাশ করে না। SOECK নিরাপদে রাখা হলে তা ভুক্তভোগীদেরকে তাদের প্রয়োজনীয় শারীরিক ও মানসিক চিকিৎসা গ্রহণের সময়ে তারা আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাছে অভিযোগ করতে চায় কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের তথ্য ও সময় প্রদান করে। ভিকটিমদের প্রতি OVS এর প্রতিশ্রুতিকে OPDV স্বীকৃতি দিতে চায় এবং এই বার্তা ছড়িয়ে দিতে এবং কিট সংরক্ষণ প্রক্রিয়া সম্পর্কে শিক্ষাদান করতে আমাদের অব্যাহত অংশীদারিত্বের "

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (New York State Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন, "প্রায়শই একটি যৌন অপরাধের তীব্র ট্রমা ভুক্তভোগীকে কী করা উচিত তা নিয়ে এর পরের অনেক দিন, মাস, এমনকি বছর ধরে ভাবতে বাধ্য করে। এই ফ্যাসিলিটিটি যৌন অপরাধের কিটগুলিকে যথাযথভাবে সংরক্ষণের জন্য একটি নিরাপদ, কেন্দ্রীয় আধার প্রদান করে যার ফলে ভুক্তভোগীরা নিজেদের কঠিন সমস্যাটি অনুধাবন করা এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে জড়িত করবে কিনা সেই সিদ্ধান্ত গ্রহণের সময় প্রদান করে। আমরা যখন জাতীয় অপরাধের শিকার ব্যক্তিদের অধিকার সপ্তাহ উদযাপন করছি, তখন নিউ ইয়র্ক স্টেট ও ভিকটিম পরিষেবা অফিস কীভাবে ভুক্তভোগীদের প্রয়োজনকে সর্বাগ্রে রাখছে এবং তাদের নিরাময়ে সহায়তা করার জন্য তাদের কাছে সংস্থান থাকা নিশ্চিত করার একটি দারুণ উদাহরণ এই ফ্যাসিলিটিটি।

জয়ফুল হার্ট ফাউন্ডেশনের (Joyful Heart Foundation) নীতিমালা ও অ্যাডভোকেসি পরিচালক ইলসা নেক্ট বলেন, "যৌন অপরাধের শিকার ব্যক্তিরা কোন পথ বেছে নিবে তা নির্বিশেষে তাদের নিজেদের কিট সম্পর্কে তথ্য পাওয়ার সুযোগ থাকার এবং তা নিরাপদে সংরক্ষিত আছে সেই আত্মবিশ্বাস রাখার অধিকার রয়েছে। আমাদের 2016 সালের গবেষণা,

নেভিগেটিং নোটিফিকেশনে দেখা গেছে যে নিজেদের পরীক্ষার সময় সংগৃহীত উপাদানের ব্যাপারে ভুক্তভোগীরা দৃঢ় মালিকানাবোধ অনুভব করে এবং তাদের কিটের ব্যাপারে চাহিবামাত্র সঙ্গত তথ্য পেলে তা ভুক্তভোগীদের নিরাময় প্রক্রিয়াকে সমর্থন করতে পারবে। দেশে এই ধরনের প্রথম নতুন এই ফ্যাসিলিটি একটি ট্রমা অবগত ব্যবস্থা তৈরির ব্যাপারে নিউ ইয়র্কের জন্য একটি অর্থপূর্ণ অগ্রগামী ধাপ যা ভুক্তভোগীদের চাহিদা, এবং তাদের নিরাময়কে অগ্রাধিকার করে।"

অ্যালবানি মেডিকেল সেন্টারের ফরেনসিক মেডিসিন বিভাগের (Division of Forensic Medicine) কর্মসূচি ব্যবস্থাপক ক্যায়লিন ডাউসন R.N. বলেন, "অ্যালবানি মেডিকেল সেন্টারের জরুরি বিভাগে 24/7 যৌন অপরাধের ফরেনসিক পরীক্ষক থাকে যারা যৌন অপরাধের শিকার ব্যক্তিদের চিকিৎসা দানের জন্য এবং দোষী সাব্যস্ত করার জন্য সহায়তাকারী প্রমাণ সংগ্রহের জন্য বিশেষভাবে প্রশিক্ষিত। আমাদের সংগ্রহ করা প্রমাণের কারণে রোগীদের কাছে চিকিৎসা সেবা পাওয়ার পরেও বিকল্প থাকে, যার মধ্যে রয়েছে বিচার ব্যবস্থার মাধ্যমে অভিযোগ দায়ের করা। আমাদের রোগীদের জন্য অত্যন্ত কঠিন ও ব্যক্তিগত এই সিদ্ধান্ত গ্রহণের সময় বৃদ্ধি করতে তাদের প্রয়াসের জন্য এবং আমাদের রোগীদেরকে এই গুরুত্বপূর্ণ বার্তা প্রদান করার ব্যাপারে আমাদেরকে সাহায্য করার জন্য আমরা ভিকটিম পরিষেবা অফিসের প্রতি কৃতজ্ঞ।"

গ্লেনস ফলস হাসপাতালের যৌন অপরাধের নার্স পরীক্ষক নাডিয়া জিউমারা R.N. বলেন, "আমাদের বিশেষভাবে প্রশিক্ষিত, সহানুভূতিশীল ফরেনসিক পরীক্ষক দ্বারা যত্নসহকারে সংগৃহীত প্রমাণ অক্ষত রাখার জন্য এটিকে যথাযথ যত্ন ও পরিচালনা প্রয়োজন। আমাদের রোগীদের কিট নিরাপদে, সুরক্ষিতভাবে, এবং কার্যকরভাবে রাখা যাবে এমন একটি ফ্যাসিলিটি তৈরির জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটের ভিকটিম পরিষেবা অফিসের প্রশংসা করছি। গ্লেনস ফলস হাসপাতাল এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে সকল হাসপাতালের সকল যৌন অপরাধের ভুক্তভোগীরা যাতে নিজেদের জন্য সেরা সিদ্ধান্ত গ্রহণের সময় ও নিয়ন্ত্রণ পায় তা নিশ্চিত করতে এই প্রক্রিয়াটি সাহায্য করবে।"

স্টেটের অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগ হাসপাতাল ও মেডিকেল ফ্যাসিলিটিগুলিতে বিনামূল্যে যৌন অপরাধের প্রমাণ সংগ্রহ কিট, এবং মাদক সৃষ্ট যৌন অপরাধ কিট প্রদান করে। পেশাদারদের একটি মাল্টিডিসিপ্লিনারি দলের সাথে অংশীদারিত্বে, DCJS সম্প্রতি প্রমাণ সংগ্রহের প্রক্রিয়া সরলীকৃত করার জন্য কিটগুলিকে হালনাগাদ করেছে, যার ফলে এটি কম আক্রমণাত্মক হবে এবং ফরেনসিক প্রমাণ সংগ্রহের সময়সীমা 96 ঘণ্টা থেকে বৃদ্ধি পেয়ে 120 ঘণ্টা হবে। এছাড়া DCJS-কে অবশ্যই একটি ইলেক্ট্রনিক ব্যবস্থা স্থাপন করতে হবে যা ভুক্তভোগীদেরকে আইন শৃঙ্খলা রক্ষাকারী দ্বারা সংগৃহীত হওয়ার পর থেকে পরীক্ষার জন্য অপরাধ ল্যাবে প্রেরণ পর্যন্ত নিজেদের কিট ট্র্যাক করার সুযোগ দিবে। ব্যবস্থাটি 2025 সালের মধ্যে সম্পূর্ণ কার্যকর হবে বলে আশা করা যাচ্ছে।

কোনও ব্যক্তির বেসরকারি স্বাস্থ্য বীমা না থাকলে বা তারা যদি পরীক্ষার জন্য তাদের বেসরকারি স্বাস্থ্য বীমা না ব্যবহার করতে চায় তাহলে একটি ফরেনসিক ধর্ষণ পরীক্ষার (forensic rape exam, FRE) জন্য ভিকটিম পরিষেবা অফিস চিকিৎসা সেবাদানকারীদের সরাসরি ব্যয়পূরণ

করে দেয়। এই পদক্ষেপ সংস্থাটির সর্বশেষ উপায় হিসেবে পরিশোধকারী নিয়মের একটি ব্যতিক্রম এবং ভুক্তভোগীদের ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা করে থাকে। এছাড়াও ভিকটিম পরিষেবা অফিস পুলিশ অভিযোগের পরিবর্তেও FRE দাবি গ্রহণ করে, যার ফলে ব্যক্তিরা OVS এর কাছ থেকে অপরাধ সংক্রান্ত অন্যান্য ব্যয়ের জন্যও আর্থিক সহায়তা এবং ব্যয়পূরণ চাইতে পারে।

OVS স্টেটব্যাপী 239টি ভিকটিম সহায়তা কর্মসূচিকে সমর্থনকে করে যেগুলি যৌন আক্রমণ ও অন্যান্য অপরাধের শিকার ব্যক্তি ও তাদের পরিবারের জন্য সঙ্কটকালীন কাউন্সেলিং, সমর্থন গ্রুপ, কেস ব্যবস্থাপনা, জরুরি আশ্রয়, নাগরিক আইনি সাহায্য এবং অবস্থান পরিবর্তনে সহায়তার মতো অত্যাবশ্যকীয় সেবা প্রদান করে। এইসব কর্মসূচি খুলে পাওয়ার জন্য ব্যক্তিরা ovs.ny.gov/connectভিজিট করতে পারবে, যা বিনামূল্যে এবং অপরাধটির ব্যাপারে ব্যক্তি পুলিশকে অভিযোগ করেছে কিনা তা না দেখেই সেবা প্রদান করে। এছাড়াও গোপন সমর্থন ও অ্যাডভোকেসির জন্য নিউ ইয়র্ক স্টেটের পারিবারিক ও যৌন সহিংসতা হটলাইন 24/7 উপলভ্য থাকে: 800-942-6906 (কথা বলা), 844-997-2121 (টেক্সট) এবং opdv.ny.gov (চ্যাট)।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন